# Office of the Sub-Project Manager

'Improvement of Academic and Research .......... and Molecular Biology'
PIN-12314, HEAT, Window-2
Department of Agricultural Chemistry
Hajee Mohammad Danesh Science and Technology University, Dinajpur


HEAT
Higher Education

স্মারক নং-হাবিপ্রবি/কৃর/HEAT/PIN-12314/সাফা-০১/৩২ তারিখ: ১৩/০৭/২০২৬ খ্রি.

## পূন:-নিয়োগ বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক বাস্তবায়নাধীন "হায়ার এডুকেশন এক্সিলারেশন এন্ড ট্রান্সফরমেশন (HEAT)" শীর্ষক প্রকল্পের আওতায় Window-2 তে এ বিশ্ববিদ্যালয়ের কৃষি রসায়ন বিভাগে 'Improvement of Academic and Research Culture of Teachers' for Innovative and Ensuring Quality Education in Agricultural Chemistry and Molecular Biology', (PIN-12314) শীর্ষক উপ-প্রকল্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে উপ-প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য নিম্নবর্ণিত পদে জনবল নিয়োগের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা | Consolidate বেতন (মাসিক) |
|---|---|---|---|
| ১। | অফিস ম্যানেজার (০১ জন) | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেড থাকতে হবে। কম্পিউটারে এম.এস. ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট ব্রাউজিং এবং বাংলা ও ইংরেজি লেখায় টাইপিংয়ে দক্ষতাসহ কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। | ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা মাত্র) |

**আবেদনের নিয়ম:**
উক্ত পদের আগ্রহী প্রার্থীদেরকে আবেদনপত্রের সাথে সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদের সত্যায়িত ফটোকপি, পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) এর সত্যায়িত ফটোকপি ও প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র জমা দিতে হবে। আবেদনপত্রের খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে। আগামী ১৯/০৭/২০২৬ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে সরাসরি/ডাকযোগে নিম্নের ঠিকানায় প্রেরণ করতে হবে। উল্লেখ্য, পূর্বে আবেদনকৃত প্রার্থীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

**শর্তাবলী:**
১। অসম্পূর্ণ ও ত্রুটিযুক্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
২। চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৩। শুধুমাত্র যোগ্য প্রার্থীদের লিখিত এবং/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য ইন্টারভিউ কার্ড/SMS এর মাধ্যমে ডাকা হবে।
৪। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় প্রার্থীকে অবশ্যই সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল কপি সঙ্গে রাখতে হবে।
৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
৬। নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকুরি হতে অব্যহতি চাইলে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন আগে তাঁকে কর্তৃপক্ষ বরাবর লিখিত আবেদন করতে হবে এবং সেবা গ্রহণের প্রয়োজন না থাকলে কর্তৃপক্ষ ত্রিশ দিনের নোটিশে নিয়োগ বাতিল করতে পারবে।
৭। এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর চাকুরি হিসেবে গণ্য হবে না।
৮। উপ-প্রকল্পের মেয়াদ শেষে এই নিয়োগের কার্যকারিতা আপনা আপনি সমাপ্তি হয়ে যাবে।
৯। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে টিএ/ডিএ প্রদান করা যাবে না।

১৩/০৭/২০২৬

প্রফেসর ড. বিকাশ চন্দ্র সরকার
সাব-প্রজেক্ট ম্যানেজার (SPM)
PIN-12314, HEAT, Window-2
কৃষি রসায়ন বিভাগ, হাবিপ্রবি, দিনাজপুর